

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
(উপজেলা-১ শাখা)

নং-৪৬.০৪৬.০২৭.০০.০০.১৪২.২০১৬-৩৯২

তারিখ : ২৭ মার্চ ২০১৭


**কারণ দর্শানোর নোটিশ**

যেহেতু, আপনি জনাব মোঃ শাহীন চাকলাদার, চেয়ারম্যান, যশোর সদর উপজেলা পরিষদ, যশোর এর বিরুদ্ধে স্থানীয় সরকার বিভাগের অনুমতি ব্যতিত গত ০৪ ডিসেম্বর ২০১৫ তারিখে বিদেশ গমনের অভিযোগ আনয়ন করা হয়েছে এবং তদন্তে উক্ত অভিযোগের প্রাথমিক সত্যতা পাওয়া গিয়েছে :

যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত উপরোল্লিখিত অভিযোগ উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩(১)(গ) ধারায় অসদাচরণ ও ক্ষমতা অপব্যবহারের অপরাধের শামিল;

সেহেতু, আপনার বিরুদ্ধে উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩(১)(গ) ধারায় কার্যক্রম গ্রহণ করার বাধ্যবাধকতা রয়েছে;

এমতাবস্থায়, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩(১)(গ) ধারার অপরাধে কেন আপনার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে না তা একই আইনের ১৩(২) ধারা অনুযায়ী পত্র প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর জবাব দাখিল করতে নির্দেশ প্রদান করা হলো। একই সাথে আপনি ব্যক্তিগত শুনানী প্রদানে ইচ্ছুক কিনা তাও জানাতে অনুরোধ করা হলো।

  
(আবদুল মানেক)  
সচিব

জনাব মোঃ শাহীন চাকলাদার  
চেয়ারম্যান  
যশোর সদর উপজেলা পরিষদ, যশোর।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য :

- ১। জেলা প্রশাসক, যশোর (নোটিশটি সংশ্লিষ্ট উপজেলা পরিষদ চেয়ারম্যানের নিকট প্রেরণপূর্বক প্রাপ্তি স্বীকার প্রেরণের অনুরোধসহ)।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, যশোর সদর, যশোর।
- ৩। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (নোটিশটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।